গুইমারায় দু’টি অস্ত্র ও তিন রাউন্ড গুলি উদ্ধার

গুইমারা প্রতিনিধি:

খাগড়াছড়ির গুইমারায় ছনখোলা পাড়া এলাকার একটি পরিত্যক্ত ঘর থেকে দু’টি দেশীয় তৈরি এলজি, তিন রাউন্ড গুলি, চাঁদা আদায়ের রশীদ বই, নোটবুক এবং এক টাইগার বোতল চোলাই মদ উদ্ধার করা হয়েছে।

গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে এসব উদ্ধার করেছে গুইমারা রিজিয়নের আওতাধীন সিন্ধুকছড়ি জোনের নিরাপত্তাবাহিনীর সদস্যরা।

নাশকতা ও চাঁদাবাজির উদ্দেশ্যে গুইমারা উপজেলার ছনখোলা পাড়া এলাকায় একটি পরিত্যক্ত ঘরে সন্ত্রাসীরা অবস্থান নিয়েছে এমন সংবাদের ভিত্তিতে বুধবার (৭ ডিসেম্বর) দিবাগত রাত দুইটার দিকে সিন্ধুকছড়ি জোনের ক্যাপ্টেন মুফতি মাহমুদ জয় ও লে. তানজিল এর নেতৃত্বে আনসার বেটালিয়নের সদস্য আপেল মাহমুদ ও মো. ফিরোজসহ নিরাপত্তাবাহিনীর সদস্যদের একটি টহল দল এ অভিযান চালায়। এসময় সিন্দুকছড়ি জোনের নিরাপত্তা সদস্যদের উপস্থিতি টের পেয়ে সন্ত্রাসীরা পালিয়ে যায়।

পরে গুইমারা উপজেলার ছনখোলা পাড়া এলাকায় সন্ত্রাসীরা অবস্থান নেওয়া পরিত্যক্ত ঘরে তল্লাশি চালিয়ে দু’টি দেশীয় তৈরি এলজি, তিন রাউন্ড কার্তুজ চাঁদা আদায়ের রশীদ বইসহ চোলাই মদ উদ্ধার করে গুইমারা সিন্দুক ছড়ি জোনের সদস্যরা।

এদিকে বৃহস্পতিবার বেলা তিনটার দিকে উদ্ধারকৃত দেশীয় তৈরি এলজি, তিন রাউন্ড কার্তুজসহ উদ্ধারকৃত মালামাল গুইমারা থানায় পুলিশের

কাছে হস্তান্তর করা হয়েছে বলে সিন্দুকছড়ি নিরাপত্তাবাহিনী সূত্রে জানানো হয়।